'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

# নভেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৪২ তম সভা)

সভাপতি : জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ১০/১১/২০২২, বেলা- ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>বিষয়</th><th>আলেচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>(১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td rowspan="2">(২) উপজেলা পরিষদের কমিটির সুপারিশ পর্যালোচনা</td><td>(ক) উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটির সভাপতি জনাব বিপা সিনহা সভায় নভেম্বর/২০২২ তারিখের সভায় গৃহীত প্রস্তাব/সুপারিশ উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করেন। প্রস্তাব/ সুপারিশটি হলো : হাসপাতালে ডেলিভারী বৃদ্ধির/উদ্বুদ্ধ করার জন্য আগত মায়েদের উপজেলা পরিষদ হতে আর্থিক সহযোগিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। প্রস্তাব/ সুপারিশের বিষয়ে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত : উপস্থাপিত প্রস্তাব/সুপারিশগুলো যাচাই বাছাই করার জন্য উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটি'তে প্রেরনের সর্বসিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকল্প বাছাই কমিটি, দিরাই</td></tr>
<tr><td>(খ) উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণি সম্পদ কমিটির সভাপতি জনাব বিপা সিনহা সভায় নভেম্বর/২০২২ তারিখের সভায় গৃহীত প্রস্তাব/সুপারিশ উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করেন। প্রস্তাব/ সুপারিশটি হলো : বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্য চাষিদের মাঝে উপজেলা পরিষদ হতে জাল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। প্রস্তাব/ সুপারিশের বিষয়ে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত : উপস্থাপিত প্রস্তাব/সুপারিশটি যাচাই বাছাই করার জন্য উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটিতে প্রেরনের সর্বসিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকল্প বাছাই কমিটি, দিরাই</td></tr>
<tr><td>(৩) উপজেলা পরিষদের প্রকল্প গ্রহণ ও বাছাই কমিটির প্রতিবেদন পর্যালোচনা :</td><td>উপজেলা প্রকৌশলী, দিরাই উপজেলা প্রকল্প বাছাই কমিটির ০৯/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সহ প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনে ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি), উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর আওতায় বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য গত ০৯/১১/২০২২ তারিখে প্রকল্প বাছাই কমিটির সভা আহবান করা হয়। উক্ত সভায় প্রকল্প সমূহ যাচাই বাছাই করে সর্বসম্মতিক্রমে প্রকল্প তালিকা চূড়ান্ত করা হয়। উক্ত প্রকল্প তালিকা বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের প্রস্তব/সুপারিশ করা হয়। দাখিলকৃত প্রতিবেদন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত : উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক প্রস্তাবিত/সুপারিশকৃত ২০২২-২০২৩ অর্থ বছরে প্রাপ্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ)র আওতায় প্রস্তাবিত সকল প্রকল্প বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়নের লক্ষ্যে সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রকল্প তালিকা পরিশিষ্ট 'গ'।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, উপজেলা প্রকৌশলী, দিরাই</td></tr>
<tr><td>(৪) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা :</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত অক্টোবর/২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ:
<table>
<tr><th colspan="3">আয়</th><th colspan="3">ব্যয়</th></tr>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>পূর্ববর্তী মাসের জের</td><td>২৪,৭৩,৮৫১/৯৫</td><td>১</td><td>চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের অক্টোবর/২০২২ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া</td><td>৯৬,০০০/-</td></tr>
</table></td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
</table>



Scanned With Scanner App Lite

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২ | বাসা ভাড়া বাবদ প্রাপ্য | ১,৭৪,৩৭৬/- | ২ | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের অক্টোবর/ ২০২২ মাসের বেতন | ৩৪,৬৫০/- |
| ৩ | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ৩,০৩,৪৯২/৫০ | ৩ | উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ৫,০০০/- |
| | | | ৪ | উপজেলা পরিষদের অক্টোবর/ ২০২২ মাসের আপ্যায়ন বিল প্রদান | ৩০,০০০/- |
| | | | ৫ | উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপগাড়ির জ্বালানী বিল প্রদান | ৪৪,৬৬৪/- |
| | | | ৬ | আবাসিক ভবন সমূহের পানির লাইন মেরামত কাজের বিল প্রদান | ২৬,৫০০/- |
| অক্টোবর/২২ মাসের আয়- | | ৪,৭৭,৮৬৮/৫০ | অক্টোবর/২২ মাসের মোট ব্যয়- | | ২,৩৯,৮১৪/- |
| সর্বমোট আয়- | | ২৯,৫১,৭২০/৪৫ | সর্বমোট ব্যয়- | | ২,৩৯,৮১৪/- |
| সমাপনী স্থিতি- ২৭,১১,৯০৬/৪৫ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ উপজেলা পরিষদের বিগত মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত** ঃ বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন রবি মৌসুম ও রূপা আমন মৌসুম শুরু হয়েছে ফলন ভাল। রবি মৌসুমের বীজ প্রদান চলমান রয়েছে। সব্জি চাষের প্রনোদনা প্রদান অব্যাহত আছে। গম, ভূট্টা, চিনা বাদাম এবং সরিষা বীজের প্রনোদনা প্রদানের জন্য বরাদ্দ পাওয়া গেছে। আগ্রহী কৃষকদের তালিকা দ্রুত প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট সকল ইউ/পি চেয়ারম্যান'কে অনুরোধ জানান। বোরো ধানের বীজের সরবরাহ পর্যাপ্ত পরিমাণে রয়েছে বোরো বীজের কোন সংকট নাই। খুচরা সার ও কৃষি যন্ত্রাংশ বিক্রয়ের জন্য আগ্রহী ব্যবসায়ীদের মাঝে ডিলার নির্বাচন করা হবে। আগ্রহী ব্যবসায়িদের কাছ থেকে আবেদন গ্রহণ করা হবে; বিষয়টি বহুল প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও জানান চলতি বছরে ১৭টি কম্বাইন্ড হারভেষ্টার, ০৩টি পাওয়ার থ্রেসার, ০৫টি রিপার যন্ত্র বরাদ্দ পাওয়া গেছে। এছাড়াও উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত** ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই সভায় জানান বন্যায় তার অফিসের যাবার রাস্তাটি নষ্ট হয়েছে। অফিসে খামাড়িরা অসুস্থ গবাদি পশু নিয়ে আসতে পারে না। কাজেই জনস্বর্থে দ্রুত তার অফিসের রাস্তাটি মেরামত করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত** ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই এর অফিসের রাস্তা মেরামত করার জন্য মেয়র, দিরাই পৌরসভাকে অনুরোধ জানানো হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | মেয়র, দিরাই পৌরসভা/ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই |



Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই |
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় বলেন- উপজেলা পরিষদের মালিকানাধীন উপজেলা নির্বাহী অফিসারের ভবনের প্রধান গেইট, রাস্তা ও গার্ডরুম পুন:নির্মাণ এবং চন্দ্রমল্লিকা ভবনের নীচতলা পূর্বপার্শ্বের ফ্লোর মেরামত কাজের জন্য ৩.০০ (তিন লক্ষ) টাকা ব্যয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর.এফ.কিউ পদ্ধতিতে দ্রুত কাজটি বাস্তবায়ন করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদের মালিকানাধীন উপজেলা নির্বাহী অফিসারের ভবনের প্রধান গেইট, রাস্তা ও গার্ডরুম পুন:নির্মাণ এবং চন্দ্রমল্লিকা ভবনের নীচতলা পূর্বপার্শ্বের ফ্লোর মেরামত কাজের জন্য ৩.০০ (তিন লক্ষ) টাকা ব্যয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর.এফ.কিউ পদ্ধতিতে দ্রুত কাজটি বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/<br>উপজেলা প্রকৌশলী, দিরাই |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই তাঁর সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই সহ সংশ্লিষ্ট সকল |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জানান যুব উন্নয়ন অফিসার বদলী জনিত কারনে গত- ০৭/১১/২০২২ তারিখে অত্র উপজেলা থেকে রিলিজ নিয়ে বাজিতপুর, কিশোরগঞ্জ চলেগেছেন। তিনি জানান গত- ০১ নভেম্বর ২০২২ তারিখে জাতীয় যুব দিবস দেশব্যাপী উদযাপিত হয়েছে; এরই ধারাবাহিকতায় অত্র উপজেলাতেও দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে। উক্ত জাতীয় দিবসে সরকারি যে পরিমাণ বরাদ্ধ পাওয়া যায় তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। কাজেই উপজেলা পরিষদ হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা আর্থিক সহযোগিতা করার জন্য আবেদন করে গেছেন; সভায় আবেদনটি উপস্থাপন করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** ০১ নভেম্বর ২০২২ তারিখে জাতীয় যুব দিবসে উপজেলা পরিষদ হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা আর্থিক সহযোগিতা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| প্রকল্প বাস্ত বায়ন বিভাগ | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তার অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই |



Scanned With Scanner App Lite

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

<table>
<tr><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br><br>সিদ্ধান্ত : বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা সমবায় অফিসার, দিরাই</td></tr>
<tr><td>মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br><br>সিদ্ধান্ত : বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই</td></tr>
<tr><td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td><td>উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br><br>সিদ্ধান্ত : বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়।</td><td>উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই</td></tr>
<tr><td>বন বিভাগ</td><td>উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br><br>সিদ্ধান্ত : বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই</td></tr>
<tr><td>সহকারী কমিশনার (ভূমি)</td><td>সহকারী কমিশনার (ভূমি), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), দিরাই'কে অনুরোধ জানানো হয়।</td><td>সহকারী কমিশনার (ভূমি)</td></tr>
<tr><td>খাদ্য বিভাগ</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন খাদ্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দিরাই পৌরসভায় খোলা বাজারে চাল বিক্রয়ের তথ্য:
<table>
<tr><th>ক্রম নং</th><th>ডিলারের নাম</th><th>বিক্রয় কেন্দ্রের অবস্থান</th><th>পণ্য</th><th>দৈনিক ডিলার প্রতি বরাদ্দের পরিমাণ (কেজি)</th><th>ক্রেতা প্রতি সর্বোচ্চ বরাদ্দ (কেজি)</th><th>দর (প্রতি কেজি)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>নিকুঞ্জ রায়</td><td>ইউ/পি রোড</td><td>চাল</td><td>১০০০</td><td>৫কেজি</td><td>৩০/-</td><td rowspan="3">আগামী ১৭/১০/২০২২ তারিখ থেকে দৈনিক বিক্রয় ১০০০ কেজি পুনঃনির্ধারণ করা হয়েছে।</td></tr>
<tr><td>০২</td><td>প্রমল রায়</td><td>বাসষ্ট্যান্ড</td><td>চাল</td><td>১০০০</td><td>৫কেজি</td><td>৩০/-</td></tr>
<tr><td>০৩</td><td>মোঃ রুহুল আমিন</td><td>হাইস্কুল রোড</td><td>চাল</td><td>১০০০</td><td>৫কেজি</td><td>৩০/-</td></tr>
</table>
খ) খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার তালিকা ডিজিটাল ডাটাবেজে ভোক্তার তথ্য যাচাইয়ের অগ্রগতি (১০/১১/২২)
<table>
<tr><th>ক্রং নং</th><th>ইউনিয়নের নাম</th><th>ভোক্তার সংখ্যা</th><th>এ পর্যন্ত যাচাইকৃত ভোক্তার সংখ্যা</th><th>অবশিষ্ট</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>রফিনগর</td><td>৯২৯</td><td>৪৬৯</td><td>৪৯০</td><td></td></tr>
<tr><td>২</td><td>ভাটিপাড়া</td><td>৭৮৯</td><td>৫৩৩</td><td>২৫৬</td><td></td></tr>
<tr><td>৩</td><td>রাজানগর</td><td>৯৭৩</td><td>৭৯০</td><td>১৮৩</td><td></td></tr>
<tr><td>৪</td><td>চরনারচর</td><td>১০৪৭</td><td>৭৪৭</td><td>৩০০</td><td></td></tr>
<tr><td>৫</td><td>দি.সরমঙ্গল</td><td>৭৩৬</td><td>৫৪১</td><td>১৯৫</td><td></td></tr>
<tr><td>৬</td><td>করিমপুর</td><td>৯৭৭</td><td>৫৬৫</td><td>৪১২</td><td></td></tr>
<tr><td>৭</td><td>জগদল</td><td>১১২৭</td><td>৯৩৩</td><td>১৯৪</td><td></td></tr>
<tr><td>৮</td><td>তাড়ল</td><td>৮২৬</td><td>৬৪৪</td><td>১৮২</td><td></td></tr>
<tr><td>৯</td><td>কুলঞ্জ</td><td>১১৩৭</td><td>৮৮৬</td><td>২৫১</td><td></td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>৮৫৭১</td><td>৬১০৮</td><td>২৪৬৩</td><td></td></tr>
</table>
বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: দ্রুত সময়ের মধ্যে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার তালিকা ডিজিটাল ডাটাবেজে সম্পন্ন করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাইকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, দিরাই</td></tr>
<tr><td>বিএডিসি (সেচ)</td><td>সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জনানো হয়।</td><td>সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) দিরাই</td></tr>
</table>



Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই |
| তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই'কে অনুরোধ জানানো হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই |
| (৬) বিবিধ : | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় বলেন- বিগত ২৩/০৫/২০২২ তারিখের সাধারণ সভায় উপজেলা পরিষদের মালিকানাধীন হাসনাহেনা ভবনের জন্য ০২টি এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসের জন্য ০২টি সহ মোট- ০৪টি (চার)টি সিলিং ফ্যানক্রয়ের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে ০৪টি সিলিং ফ্যানক্রয় পূর্বক স্থাপন করা হয়েছে এবং ০৩(তিন)টির বিল পরিশোধ করা হয়েছে। উপজেলা পরিষদের মালিকানাধীন হাসনাহেনা ভবনের নিচতলা পূর্ব পার্শ্বের ০১(এক)টি সিলিং ফ্যানক্রয়ের বিল পরিশোধ করা হয়নি। বর্তমানে জনাব বিশ্বজিত তালুকদার, অফিস সহকারী, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, দিরাই বকেয়া বিল পাওয়ার জন্য আবেদন করেছেন। তিনি আরও জানান উপজেলা পরিষদের মালিকানাধীন গণমিলনায়তনের জন্য ০১(এক)টি সিলিং ফ্যানক্রয় করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত বিলগুলো পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদের মালিকানাধীন হাসনাহেনা ভবনের নিচতলা পূর্ব পার্শ্বের ০১(এক)টি এবং গণমিলনায়তনের জন্য ০১(এক)টি সিলিং ফ্যানক্রয়ের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩,২২৫+৩,২২৫= ৬,৪৫০/- (ছয় হাজার চারশত পঞ্চাশ) টাকা পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |
| | (খ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভায় জানান উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জুলাই/২০২২ হতে অক্টোবর/২০২২ পর্যন্ত ০৪(চার) মাসের ভ্রমন বিল বাবদ- ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল দাখিল করেছেন। ভাইস চেয়ারম্যান মহোদয়ের জুলাই/২০২২ হতে অক্টোবর/২০২২ পর্যন্ত ০৪(চার) মাসের ভ্রমন বিল বাবদ- ২০,০০০/- (বিশ হাজার) টাকার বিল দাখিল করেছেন এবং মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের জুলাই/২০২২ হতে অক্টোবর/২০২২ পর্যন্ত ০৪(চার) মাসের ভ্রমন বিল বাবদ- ২০,০০০/- (বিশ হাজার) দাখিলকৃত ভ্রমন বিল সমূহ সভায় অনুমোদনক্রমে রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনার পর দাখিলকৃত ভ্রমণবিল সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (গ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভায় জানান অত্র উপজেলা পরিষদের মালিকানাধীন হাসনাহেনা ভবনের পিছনে ০১(এক)টি কদম গাছ এবং ডরমিটরী ভবনের সামনে পুকুর পাড়ে ০১(এক)টি রেন্ট্রি গাছ ঝড়ে উপড়ে পড়া বিনষ্টযোগ্য গাছ কাটা প্রয়োজন। এ সংক্রান্ত স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং- উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪, তারিখ- ১৫/০৮/২০০৭ খ্রিঃ এর পরিপত্র মোতাবেক উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন/মালিকানাধীন বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ বিক্রয় এর জন্য কমিটি রয়েছে। কমিটিতে জেলা প্রশাসক মহোদয়ের একজন প্রতিনিধি এবং উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত ইউনিয়ন পরিষদের একজন চেয়ারম্যান সদস্য হিসেবে রয়েছেন। কাজেই উপজেলা পরিষদের প্রতিনিধি হিসেবে একজন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে মনোনয়ন করার জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন/মালিকানাধীন বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ বিক্রয় কমিটিতে সদস্য হিসেবে চেয়ারম্যান, ০৬নং করিমপুর ইউনিয়ন পরিষদ, দিরাই'কে সর্বসম্মতিক্রমে মনোনয়ন দেয়া হয়। কমিটিতে সদস্য হিসাবে একজন প্রতিনিধি মনোনয়ন দেয়ার লক্ষ্যে জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের সাথে পত্র যোগাযোগ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

| | | |
|---|---|---|
| | (ঘ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধীন প্রশাসনিক ভবনের অফিস সুপারের বাথরুমের বেসিন ও আনুষাঙ্গিক মেরামত কাজে সর্বমোট- ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের মালিকানাধীন প্রশাসনিক ভবনের অফিস সুপারের বাথরুমের বেসিন ও আনুষাঙ্গিক মেরামত কাজে ব্যয়িত ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মজুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

ারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৩৮(৫০)

তারিখ ঃ ১০/১১/২০২২

নুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৬। মেয়র, দিরাই পৌরসভা।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
৮। উপজেলা ---------------------------------------------------------------- অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই।
৯। চেয়ারম্যান---------------------------------------------------------------- ইউ/পি (সকল), দিরাই।
০। অফিস নথি/মাস্টার ফাইল।

(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।



Scanned With Scanner App Lite